নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ
North-West Power Generation Co. Ltd.
ISO 9001:2015, ISO 14001:2015 & ISO 45001:2018 Certified
*(An Enterprise of Bangladesh Power Development Board)*

ইউটিসি ভবন (৩য় ও ৪র্থ তলা)
৮ পান্থপথ, কারওয়ান বাজার
ঢাকা-১২১৫।
ফোনঃ ৯১৪৫৪২৭-২৮

সূত্র নং- ২৭.২৮.০০০০.৫০১.২১৬.১৭.০৬৯৪

তারিখঃ ১৩ জ্যৈষ্ঠ,১৪২৬
২৭ মে, ২০১৯

# নিয়োগ বিজ্ঞপ্তি

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান) এ কোম্পানির প্রচলিত বেতন ভাতা মোতাবেক নিম্ন বর্ণিত পদসমূহে চুক্তি-ভিত্তিক নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রঃ নং | পদের নাম | মূল বেতন | শূন্য পদ | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১. | **ফোরম্যান- গ্রেড এ** | টাকা ২৮,০০০/-<br>(আটাশ হাজার টাকা)<br><br>বেতন গ্রেড-১২ | ০৪ | (ক) কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান থেকে এস.এস.সি./ সমমানসহ বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত কারিগরী প্রতিষ্ঠান হতে **ইলেক্ট্রিক্যাল ওয়ার্কস এন্ড মেইনটেনেন্স/মেকানিক্যাল মেইনটেনেন্স / মেশিন টুলস্ অপারেশন/ মেশিন টুলস্ অপারেশন এন্ড মেইনটেনেন্স/ ইলেক্ট্রনিক কন্ট্রোল এন্ড কমিউনিকেশন বিষয়ে ০২(দুই) বছরের ট্রেড কোর্স পাশ।**<br>(খ) কমপক্ষে ১২(বার) বছর বিদ্যুৎ কেন্দ্রে চাকুরীর অভিজ্ঞতাসহ ১৫(পনের) বছর চাকুরীকাল।<br>**অথবা**<br>কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান থেকে এস.এস.সি. পাশসহ কমপক্ষে ১৫(পনের) বছর বিদ্যুৎ কেন্দ্রে চাকুরীর অভিজ্ঞতাসহ ১৮(আঠারো) বছর চাকুরীকাল।<br>বিঃদ্রঃ- উভয়ক্ষেত্রে স্টীম টারবাইন,গ্যাস টারবাইন ও ইঞ্জিনভিত্তিক বিদ্যুৎ কেন্দ্রে চাকুরীর অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।<br><br>**বয়সঃ** ৩৬ হতে ৪৮ বছর (২৭.০৫.২০১৯ ইং তারিখে)। |
| ০২. | **ওয়েল্ডার- গ্রেড এ** | টাকা ১৮,০০০/-<br>(আঠার হাজার টাকা)<br><br>বেতন গ্রেড-১৬ | ০২ | (ক) কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান থেকে এস.এস.সি./ সমমানসহ বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত কারিগরী প্রতিষ্ঠান হতে **ওয়েল্ডিং এন্ড ফেব্রীকেশন** বিষয়ে ০২(দুই) বছরের ট্রেড কোর্স পাশ।<br>(খ) সংশ্লিষ্ট কারিগরী কাজে ০২(দুই) বছরের অভিজ্ঞতা।<br>**অথবা**<br>(ক) কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান থেকে এস.এস.সি./ সমমান পাশ।<br>(খ) সংশ্লিষ্ট কারিগরী (ওয়েল্ডিং) কাজে ০৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা। |
| ০৩. | **এ্যাটেনডেন্ট- গ্রেড এ** | টাকা ১৮,০০০/-<br>(আঠার হাজার টাকা)<br><br>বেতন গ্রেড-১৬ | ০৪ | (ক) কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান থেকে এস.এস.সি. (বিজ্ঞান)/সমমানসহ বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত কারিগরী প্রতিষ্ঠান হতে **কেমিক্যাল ইন্ডাস্ট্রি পরিচালন এবং সংরক্ষণ বিষয়ে** ০২(দুই) বছরের ট্রেড কোর্স পাশ।<br>(খ) **কেমিক্যাল ইন্ডাস্ট্রি/ কেমিক্যাল প্লান্ট-এ ওয়াটার পিউরিফিকেশন কাজে** ০২ (দুই) বছরের অভিজ্ঞতা। ওয়াটার ট্রিটমেন্ট/পানি শোধনাগার প্লান্ট-এ কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>**অথবা**<br>(ক) কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান থেকে এস.এস.সি.(বিজ্ঞান)/ সমমান পাশ।<br>(খ) **কেমিক্যাল ইন্ডাস্ট্রি/ কেমিক্যাল প্লান্ট-এ ওয়াটার পিউরিফিকেশন কাজে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা**। ওয়াটার ট্রিটমেন্ট/পানি শোধনাগার প্লান্ট-এ কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ০৪. | **ইলেক্ট্রিশিয়ান-গ্রেড এ** | টাকা ১৮,০০০/-<br>(আঠার হাজার টাকা)<br><br>বেতন গ্রেড-১৬ | ০২ | (ক) কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান থেকে এস.এস.সি.(বিজ্ঞান)/ সমমানসহ বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত কারিগরী প্রতিষ্ঠান হতে **ইলেক্ট্রিক্যাল ওয়ার্কস এন্ড মেইনটেনেন্স বিষয়ে ০২ (দুই)** বছরের ট্রেড কোর্স পাশ।<br>(খ) বিদ্যুৎ কেন্দ্রে সংশ্লিষ্ট কারিগরী কাজে ০২(দুই) বছরের অভিজ্ঞতা।<br>**অথবা**<br>(ক) কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান থেকে এস.এস.সি./ সমমান পাশ।<br>(খ) বিদ্যুৎ কেন্দ্রে সংশ্লিষ্ট কারিগরী কাজে ০৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা। |

**আর্থিক সুবিধাদিঃ**

কোম্পানির প্রচলিত নীতিমালা অনুযায়ী বাড়ি ভাড়া ভাতা, চিকিৎসা ভাতা, যাতায়াত ভাতাসহ অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন।

**শর্তাবলীঃ**

১. বয়স সীমা **২৭/০৫/২০১৯** ইং তারিখে ২২-৩৫ বছর (ক্রঃ নং- ০১ ব্যতীত)।
২. সরকারি/ আধাসরকারি/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
৩. আবেদনপত্র এবং পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্তের সাথে নিম্নোক্ত কাগজ পত্রাদি সত্যায়িত করে সংযুক্ত করতে হবেঃ
(ক) শিক্ষাগত যোগ্যতার মূল সনদের সত্যায়িত অনুলিপি; (খ) অভিজ্ঞতার সনদ (অভিজ্ঞতার সনদ প্রদানকারী কর্মকর্তার নাম, ফোন নম্বর স্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে এবং অভিজ্ঞতার সনদে কার্যক্ষেত্র উল্লেখপূর্বক কাজের সংক্ষিপ্ত বিবরণ থাকতে হবে); (গ) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি; (ঘ) জাতীয় পরিচয় পত্রের কপি; (ঙ) স্থায়ী ঠিকানার বিপরীতে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান অথবা পৌর/ সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদ পত্র; (চ) নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড এর অনুকূলে ৫০০/-(পাঁচশত) টাকা মূল্যের (অফেরৎ যোগ্য) ব্যাংক ড্রাফট।
৪. প্রার্থী আবেদনপত্রে যেসকল তথ্যাদি উল্লেখ করবেনঃ

| | | | |
|---|---|---|---|
| (ক) নাম : | (খ) পিতার নাম : | (গ) মাতার নাম : | (ঘ) জন্ম তারিখ : |
| (ঙ) ২৭/০৫/২০১৯ইং তারিখে বয়স : | (চ) শিক্ষাগত যোগ্যতা : | (ছ) সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা : | (জ) বর্তমান ঠিকানা : |
| (ঝ) স্থায়ী ঠিকানা : | (ঞ) ধর্ম : | (ট) জাতীয়তা : | (ঠ) জাতীয় পরিচয় পত্র নং : |
| (ড) বৈবাহিক অবস্থা : | (ঢ) মোবাইল নম্বর : | | |

৫. উপরিউক্ত তথ্যাদি উল্লেখপূর্বক শর্তাবলীর অনুচ্ছেদ ০৩ এ উল্লিখিত কাগজপত্রসহ আবেদন মহাব্যবস্থাপক (মানবসম্পদ ও প্রশাসন), কর্পোরেট অফিস, নওপাজেকো, ইউটিসি ভবন (৪র্থ তলা), ৮ পান্থপথ, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫ বরাবরে **২৩/০৬/২০১৯** ইং তারিখ পর্যন্ত (অফিস চলাকালীন সময়ের মধ্যে) সরাসরি/ ডাকযোগে পৌছাতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন আবেদন পত্র গ্রহণ করা হবে না।
৬. **সংশ্লিষ্ট কাজে অধিক অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স ও শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।**
৭. আবেদনপত্রের খামের উপর পদের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
৮. প্রার্থীকে কোম্পানির অধীন যে কোন বিদ্যুৎ কেন্দ্রে কাজ করতে প্রস্তুত থাকতে হবে।
৯. অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
১০. কর্তৃপক্ষ এ নিয়োগ প্রক্রিয়া স্থগিত অথবা বাতিল এবং পদের সংখ্যা কম/ বেশী-এর বিষয়ে যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করে।

27.5.2019

(মোঃ মামুনুর রহমান মন্ডল)
মহাব্যবস্থাপক (মানবসম্পদ ও প্রশাসন)
নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানী লিমিটেড, ঢাকা।